রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৫ সনের ৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ২৩, ২০২৫

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬৯—৮০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৮৫—১২৮ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৮৫—১৮০ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৩—৪ |
| ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) .....সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) .....বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) ..... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) ..... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) ... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**প্রধান উপদেষ্টার কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ পৌষ ১৪৩১/৩১ ডিসেম্বর ২০২৪

নং **০৩.০২.২৬৯০.০৮১.০১৮.০১.২০২১(অংশ-৪)-৩১**—প্রধান উপদেষ্টার কার্যালয়ের অধীন বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক বাস্তবায়নাধীন খুরুশকুল বিশেষ আশ্রায়ণ প্রকল্পের ৬ষ্ঠ প্রজেক্ট স্টিয়ারিং কমিটি (পিএসসি) সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পের নাম নিম্নরূপভাবে পরিবর্তন করা হলো।

প্রকল্পের নাম : "জলবায়ু উদ্বাস্তু পুনর্বাসন প্রকল্প (খুরুশকুল), কক্সবাজার"

Project Name : "Climate Refugee Resettlement Project (Khurushkul), Cox's Bazar"

২। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

**ডাঃ মোহাম্মদ মহিবুল হাসান**

পরিচালক-১৪।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**ক্ষুদ্রঋণ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ/০২ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৫৩.০০.০০০০.৪১২.১১.০০৫.২৪-১১৮**—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ-এর অতিরিক্ত সচিব জনাব সিরাজুন নূর চৌধুরী-কে ০১ ডিসেম্বর, ২০২৪ খ্রি. তারিখ হতে পরবর্তী ২(দুই) বছরের জন্য দ্বিতীয় মেয়াদে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন (বিএনএফ)-এর পরিচালনা পর্ষদের সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ অতুল মন্ডল**
উপসচিব।

---

**ধর্ম বিষয়ক মন্ত্রণালয়**
**ওমরাহ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ পৌষ ১৪৩১ /০১ জানুয়ারি ২০২৫

**নং ধবিম/হ:শা:/৭-৬/২০১০-০১**—যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় ওমরাহ পরিচালনাকারী হিসেবে আলহাজ ট্রাভেল ট্রেড (ওমরাহ লাইসেন্স নং-২৬১), ৮৭ বিএনএস সেন্টার (৮ম ফ্লোর), রুম নং-৮০৬, সেক্টর ০৭, উত্তরা, ঢাকা-১২৩০ এর স্বত্বাধিকারী হিসেবে দায়িত্ব পালন করেছেন; এবং

২। যেহেতু আপনি বেসরকারি ব্যবস্থাপনায় ওমরাহ কার্যক্রম পরিচালনার বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এ বর্ণিত শর্তসমূহ পালনে দৃঢ়ভাবে অঙ্গীকারবদ্ধ ছিলেন; এবং

৩। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে জনাব রাজু আহম্মেদ (মোবা: ০১৭০৮-১৪৩১৬৩), উপ-সহকারী প্রকৌশলী, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, বিদ্যুৎ বিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় কর্তৃক নিম্নরূপ অভিযোগ পাওয়া গেছে:

> 'আলহাজ ট্রাভেল ট্রেড (ওমরাহ লাইসেন্স নং-২৬১) নামীয় একটি ওমরাহ এজেন্সির প্রতিনিধি জনাব মাহবুবুর রহমান অভিযোগকারীসহ ৩ জন ওমরাহযাত্রীর নিকট থেকে ৪,২০,০০০ টাকা গ্রহণ করে তাদের অনুকূলে বিমান টিকেট ও ৯০ দিনের ভিসা প্রদান করা হয়। পরবর্তীতে বিমান টিকেট বাতিল হলে অভিযোগকারী টাকা ফেরত চাইলে এ এজেন্সির প্রতিনিধি টাকা ফেরত দিতে গড়িমশি করেন যা উক্ত এজেন্সির অংশীদার জনাব মো: মঈনুল ইসলাম অবগত ছিলেন। অভিযোগকারীর নিকট হতে টাকা গ্রহণকারী ব্যক্তি জনাব মাহমুদুর রহমান অভিযোগকারীদের ভিসা প্রসেসিং বাবদ ৪৮,০০০ টাকার পরিবর্তে ৬০,০০০ টাকা অর্থাৎ অতিরিক্ত ১২,০০০ টাকা বেশি কর্তন, ওমরাহযাত্রীদের ভোগান্তি; এবং

৪। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে উত্থাপিত অভিযোগটি তদন্তের জন্য এ মন্ত্রণালয়ের দুইজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে ২০-১০-২০২৪ তারিখে উভয়পক্ষের শুনানি গ্রহণ করে তদন্ত কর্মকর্তাদ্বয় নিবন্ধন কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন দাখিল করেন;

৫। যেহেতু নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক অভিযোগ এবং দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনা করে আনীত অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রমাণীত হয়েছে;

৬। যেহেতু অভিযোগকারী কর্তৃক পরবর্তীতে অভিযোগ প্রত্যাহার করা হলেও আপনি প্রতিনিধি নিয়োগ, ওমরাহযাত্রীদের ভোগান্তি এবং গ্রুপ লিডারের ব্যাংক হিসাবে অর্থ নেওয়ার মাধ্যমে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন-২০২১ এর ১২ এর উপ-ধারা (ঝ) (ঞ) (ট) ও (ঠ) লংঘন করেছে যা প্রশাসনিক ব্যবস্থা গ্রহণযোগ্য অপরাধ করেছেন;

৭। সেহেতু নিবন্ধন কর্তৃপক্ষের সুপারিশ মোতাবেক হজ ও ওমরাহ আইন ২০২১ এর ধারা ১২ এর উপ-ধারা (ঝ) (ঞ) (ট) ও (ঠ) লংঘন করায় হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন ২০২১ এর ধারা ১৩(২) এর দফা (ক) অনুযায়ী আলহাজ ট্রাভেল ট্রেড (ওমরাহ লাইসেন্স নং-২৬১)-কে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা জরিমানা পরিশোধের আদেশ দেয়া হলো। জরিমানাকৃত অর্থ আগামী ১৫ (পনেরো) কর্মদিবসের মধ্যে ট্রেজারি চালানের মাধ্যমে ১৩৫০১০১১১৯২৩৭-১৪৩১১০১ নং কোডে জমাদান পূর্বক চালানের মূল কপি হজ অনুবিভাগে দাখিল করবেন। নির্ধারিত সময়ের মধ্যে জরিমানাকৃত অর্থ পরিশোধ করতে ব্যর্থ হলে এ এজেন্সির ইউজার আইডি ও পাসওয়ার্ড বন্ধ থাকবে। একই সাথে এজেন্সির প্রতিনিধি জনাব মাহমুদুর রহমান কে হজ ও ওমরাহ কার্যক্রমে নিষিদ্ধ করার আদেশ দেয়া হলো। তাঁর সঙ্গে কোনো হজ ও ওমরাহ এজেন্সিকে হজ ও ওমরাহ কার্যক্রমে সম্পৃক্ত না থাকার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ তফিকুল ইসলাম**
সহকারী সচিব।

**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**
**চলচ্চিত্র-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৮ পৌষ ১৪৩১/ ২৩ ডিসেম্বর ২০২৪

**নং ১৫.০০.০০০০.০২৭.২৭.০০১.১৯-৬৯৪**—জনাব মোঃ ফরমান আলী, প্রযোজক, ড্রিমল্যান্ড এন্টারট্রেইনমেন্ট, মাহতাব সেন্টার, রুম নং-৭, লেভেল-১৫, ১৭৭, বিজয়নগর ঢাকা কর্তৃক নির্মিত 'কাঠগোলাপ' নামক চলচ্চিত্রটি বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন আইন, ২০২৩ এর ১২(১) উপ-ধারা লংঘন করে আপিল আবেদন দাখিল করায় বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন আপিল কমিটি কর্তৃক তা নাকচ করা হয়েছে।

২। আপিল আবেদন নাকচের কারণে বর্ণিত চলচ্চিত্রটি সার্টিফিকেশনবিহীন চলচ্চিত্র হিসেবে বিবেচিত হওয়ায় সমগ্র বাংলাদেশে চলচ্চিত্রটির প্রদর্শনী নিষিদ্ধ করা হলো।

৩। চলচ্চিত্রটি কোথাও প্রদর্শিত হলে তা বাজেয়াপ্তকরণসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইফুল ইসলাম**
উপসচিব।

---

**টিভি-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩১/২৮ নভেম্বর ২০২৪

**নং ১৫.০০.০০০০.০২৪.০৬.০০৬.১১-৭১৬**—বাংলাদেশ টেলিভিশনের পরিচালন বাজেটের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরে OTM (ICT) e-GP পদ্ধতিতে "Supply, Insatllation, Testing and Commissioning of Studio Camera & Allied Equipment for Auditorium of BTV Dhaka Station On Trunkey Basis" শীর্ষক দরপত্রের যন্ত্রপাতি ক্রয় ও সংস্থাপনের লক্ষে নিম্নরূপভাবে দরপত্র মূল্যায়ন কমিটি (TEC) গঠন করা হলো:

**সভাপতি**

০১. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন।

**সদস্য**

০২. ইঞ্জিনিয়ারিং ম্যানেজার (পরিচালনা ও রক্ষণাবেক্ষণ), বাংলাদেশ টেলিভিশন।

**সদস্য-সচিব**

০৩. সিনিয়র ইঞ্জিনিয়ার (পরিচালনা ও রক্ষণাবেক্ষণ), বাংলাদেশ টেলিভিশন।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ১৫.০০.০০০০.০২৪.০৬.০০৬.১১-৭১৮**—বাংলাদেশ টেলিভিশনের পরিচালন বাজেটের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরে OTM (ICT) e-GP পদ্ধতিতে "Supply, Installation, Testing and Commissioning of OB Equipment for Live Telecast of BTV on Trunkey Basis" শীর্ষক দরপত্রের যন্ত্রপাতি সংগ্রহের লক্ষ্যে নিম্নরূপভাবে দরপত্র মূল্যায়ন কমিটি (TEC) গঠন করা হলো:

**সভাপতি**

০১. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন

**সদস্য**

০২. সিনিয়র ইঞ্জিনিয়ার (উন্নয়ন), বিটিভি

**সদস্য-সচিব**

০৩. ইঞ্জিনিয়ারিং ম্যানেজার, সিনিয়র ইঞ্জিনিয়ার (উন্নয়ন), এর কার্যালয়, বাংলাদেশ টেলিভিশন

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ১৫.০০.০০০০.০২৪.০৬.০০৬.১১-৭১৯**—বাংলাদেশ টেলিভিশনের পরিচালন বাজেটের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরে OTM (ICT) e-GP পদ্ধতিতে "Supply, Installation, Testing and Commissioning of Production Control Room (PCR) Equipment for Auditorium of BTV Dhaka Station On Trunkey Basis" শীর্ষক দরপত্রের যন্ত্রপাতি সংগ্রহের লক্ষ্যে নিম্নরূপভাবে দরপত্র মূল্যায়ন কমিটি (TEC) গঠন করা হলোঃ

**সভাপতি**

০১. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন।

**সদস্য**

০২. ইঞ্জিনিয়ারিং ম্যানেজার (পরিচালনা ও রক্ষণাবেক্ষণ), বাংলাদেশ টেলিভিশন।

**সদস্য-সচিব**

০৩. সিনিয়র ইঞ্জিনিয়ার (পরিচালনা ও রক্ষণাবেক্ষণ), বাংলাদেশ টেলিভিশন।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোহাম্মদ শরিফুল হক**
উপসচিব।

---

**[একই নম্বর ও একই তারিখে প্রতিস্থাপিত]**

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

**শাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০৯ পৌষ ১৪৩১/২৪ ডিসেম্বর ২০২৪

**নং ৪৩.০০.০০০০.১১৫.০৬.০০১.২৩.১২৫**—জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সংগীতের প্রণীত ও প্রকাশিতব্য স্বরলিপি প্রমাণীকরণ এবং শুদ্ধতা যাচাইয়ের জন্য নিম্নবর্ণিত বিশেষজ্ঞদের সমন্বয়ে ' নজরুল-সংগীত স্বরলিপি প্রমাণীকরণ পরিষদ' পুনর্গঠন করা হলোঃ

**সভাপতি**

**০১.** জনাব ইয়াকুব আলী খান, প্রশিক্ষক, শিল্পী ও সঙ্গীত পরিচালক

**সদস্যবৃন্দ**

০২. ড. লীনা তাপসী খান, শিল্পী ও গবেষক, অধ্যাপক, সঙ্গীত বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

০৩. জনাব ফেরদৌস আরা , সঙ্গীত শিল্পী ও প্রশিক্ষক

০৪. জনাব সালাউদ্দিন আহমেদ, স্বরলিপিকার, সঙ্গীত পরিচালক, প্রশিক্ষক ও শিল্পী

০৫. জনাব মোঃ ইদ্‌রিস আলী, স্বরলিপিকার, গবেষক, প্রশিক্ষক ও শিল্পী

০৬. জনাব মইদুল ইসলাম, শিল্পী ও প্রশিক্ষক

০৭. ড. রশিদুন্ নবী, অধ্যাপক, জাককানইবি, সঙ্গীত পরিচালক, গবেষক, স্বরলিপিকার ও শিল্পী

**সদস্য-সচিব**

০৮. নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট, ধানমন্ডি ঢাকা

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লক্ষ্মী রানী ঘোষ**
সহকারী সচিব।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**ক্ষুদ্রঋণ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৩ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ/০৭ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৫৩.০০.০০০০.৪১২.১১.০০৩.২৪.১২০**—পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর সংঘ বিধির ৬(এ) এবং ৬(ই) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে নিম্নবর্ণিত ব্যক্তিগণ- কে উক্ত প্রতিষ্ঠানের সাধারণ পর্ষদে সরকারি সদস্য হিসেবে অদ্য ০৭ জানুয়ারি ২০২৫ খ্রি. তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হ'ল :

**সদস্যবৃন্দ**

০১. জনাব মোঃ খাজা মঈন উদ্দিন, টিম লিডার, এশিয়াটিক ফোরথটপিআর, বনানী, ঢাকা
০২. জনাব জিয়াউর রহমান, সাংবাদিক, আউটসোর্সিং
০৩. জনাব শাহনাজ সারমিন রিনভী, সাবেক সভাপতি, ইকোনমিক রিপোর্টার্স ফোরাম (ইআরএফ)
০৪. জনাব ড. সাজ্জাদ জহির, অর্থনীতিবিদ এবং নির্বাহী পরিচালক, ইকোনমিক রিসার্চ গ্রুপ
০৫. জনাব দেওয়ান এ এইচ আলমগীর, Development Consultant (Independent)
০৬. জনাব সামসুল হক জাহিদ, Editor, The Financial Express
০৭. অধ্যাপক শামিনা সরকার (ফ্লোরা সরকার), প্রাক্তন অধ্যাপক (অর্থনীতি), সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ অতুল মন্ডল**
উপসচিব।

---

**বিমা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ/০৬ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৫৩.০০.০০০০.৪১১.১১.০০১.২৪-৩৪৮**—বিমা কর্পোরেশন আইন, ২০১৯-এর ৯(১)(ঙ) ও ৯(২) উপ-ধারা অনুযায়ী জীবন বিমা কর্পোরেশনের পরিচালনা পর্ষদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ক্যাটাগরির পরিচালক হিসেবে বর্তমানে নিয়োগপ্রাপ্ত ড. হাসিনা শেখ- কে অব্যাহতি প্রদানপূর্বক উক্ত পদে অধ্যাপক ড. এইচ. এম. মোশাররফ হোসেন, চেয়ারম্যান, ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়-কে তাঁর যোগদানের তারিখ থেকে আগামী ৩(তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সফি উল্লাহ**
সিনিয়র সহকারী সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ১৭ পৌষ ১৪৩১/০১ জানুয়ারি ২০২৫

**বিষয় : পিরোজপুর জেলার ইন্দুরকানী উপজেলার ০৩ নং বালিপাড়া ইউনিয়নের নিকাহ্ রেজিস্ট্রার জনাব মো: নুরুল ইসলামকে নবগঠিত ০৫ নং চন্ডিপুর ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার হিসেবে গণ্যকরণ প্রসঙ্গে।**

নং **১০.০০.০০০০.১৩১.১১.০২০.৯৪-০১**—উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, (ক) জেলা রেজিস্ট্রারের প্রতিবেদন এবং ইউনিয়ন পুনর্গঠন সংক্রান্ত গেজেটের আলোকে সাবেক ০৩ নং বালিপাড়া ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ নুরুল ইসলাম নবগঠিত ০৫ নং চন্ডিপুর ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হওয়ায় এবং বর্ণিত ০৫ নং চন্ডিপুর ইউনিয়নে অদ্যাবধি কোনো নিকাহ রেজিস্ট্রার নিয়োগ প্রাপ্ত না হওয়ায় জনাব মোঃ নুরুল ইসলামকে ০৩ নং বালিপাড়া ইউনিয়নের পরিবর্তে নবগঠিত ০৫নং চন্ডিপুর ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার হিসেবে গণ্য করা হলো। (খ) ০৩ নং বালিপাড়া ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রারের অধিক্ষেত্রটি শূন্য ঘোষণা করা হলো। শূন্য ঘোষিত ০৩ নং বালিপাড়া ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার সংক্রান্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সাব-রেজিস্ট্রার, ইন্দুরকানী, পিরোজপুর-কে নির্দেশ প্রদান করা হলো।

**সাইদুজ্জামান শরীফ**
সিনিয়র সহকারী সচিব।

## আদেশাবলি

তারিখ : ২১ পৌষ ১৪৩১/০৫ জানুয়ারি ২০২৫

নং **১০.০০.০০০০.১৩১.১১.০২৯.৮৩(১)-১৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোহাম্মদ শফিক উল্যা, জন্ম তারিখ: ২৫-০২-১৯৭৬ খ্রি., পিতা: মোঃ মুছলিম, মাতা: খুরশিদা, গ্রাম: পূর্ব চর সীতা, ডাকঘর: চর সীতা, উপজেলা: রামগতি, জেলা: লক্ষীপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে লক্ষীপুর জেলার রামগতি উপজেলার ০২ নং চর বাদাম ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপর্যুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৮১.৮৩(১)-১৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব কাজী মহিবুল্লাহ, জন্ম তারিখ : ১৫-০১-১৯৯০ খ্রি., পিতা: ফজলুর রহমান, মাতা: শিরিন আক্তার, গ্রাম: গোপালপুর, ডাকঘর: গোপালপুর, উপজেলা: নবীনগর, জেলা: ব্রাহ্মণবাড়ীয়া।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ব্রাহ্মণবাড়ীয়া জেলার নবীনগর উপজেলার শ্রীরামপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপর্যুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাইদুজ্জামান শরীফ**
সিনিয়র সহকারী সচিব।

---

## জাতীয় রাজস্ব বোর্ড
## [কাস্টমসঃ রপ্তানি ও বন্ড শাখা]

## আদেশ

তারিখ : ২১ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ/৫ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৬৯/২০২৫/কাস্টমস/৬০৮**।—কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় অবস্থিত মেসার্স স্কাইলাক্স ডিউটি ফ্রি শপ নামীয় শুল্কমুক্ত বিপনী (বন্ড লাইসেন্স নং-৭৬৭/কাস-পিবিডব্লিউএসবিডব্লিউ/২০১২, তারিখ: ২৫-০১-২০১২ খ্রিঃ) এর অনুকূলে ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য নিম্নরূপ বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করিল, যথা :

| ক্রমিক নং | আমদানিকৃত পণ্য | ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১. | সিগারেট, সিগার ও টোব্যাকো | ২,৫৬,০০০.০০ (দুই লক্ষ ছাপ্পান্ন হাজার) |
| ২. | লিকার ও অন্যান্য ড্রিংকস | ৬৪,০০০.০০ (চৌষট্টি হাজার) |
| ৩. | কসমেটিক/টয়লেট্রিজ ও পারফিউম সামগ্রী | ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) |
| ৪. | কনফেকশনারী | ১০,০০০.০০ (দশ হাজার) |
| | সর্বমোট | ৩,৬০,০০০.০০ (তিন লক্ষ ষাট হাজার) মার্কিন ডলার। |

২। উল্লেখ্য, বিয়োজনের শর্তে জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-৪(১) শুল্ক রপ্তানি ও বন্ড/২০১১(অংশ-১)/৩৮৫ (৩), তারিখ: ১২-০৯-২০২৪ খ্রিঃ এর মাধ্যমে প্রদত্ত ১২,৫২২.৯১ মাঃ ডঃ অনুমোদিত প্রাপ্যতা লিকার ও অন্যান্য ড্রিংকস হতে সমন্বয় করা হয়েছে।

**মোঃ আল আমিন**
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ/০৫ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৩০.২২.১৯**—বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম-এর সুপারিশের প্রেক্ষিতে ডবলমুরিং মডেল থানার সাধারণ ডাইরী নম্বর ০৬, তারিখ ০১-১২-২০২৪ অনুযায়ী অভিযুক্তের বিরুদ্ধে দন্ডবিধি, ১৮৬০ এর ১২৪ (ক) ধারামতে মামলা দায়েরের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর১৯৬(ক) ধারার বিধান মোতাবেক সরকারের পূর্বানুমতি (Consent) প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুল হাই**
সিনিয়র সহকারী সচিব।

---

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**
**প্রশাসন-৭ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ/০১ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

নং ৩৯.০০.০০০০.০১৫.০৬.০২৫.১১.১—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার-এর "পরিচালনা বোর্ড" নিম্নরূপে পুনর্গঠন করা হলো :

| | |
|---|---|
| | **সভাপতি** |
| (ক) | সিনিয়র সচিব/সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়; |
| | **সদস্যবৃন্দ** |
| (খ) | সৈয়দ রাশেদুল হোসেন, যুগ্ম সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়; |
| (গ) | যুগ্মসচিব, বিধি-২/বিধি-১ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়; |
| (ঘ) | যুগ্মসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়; |
| (ঙ) | চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান; |
| (চ) | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন; |
| (ছ) | নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল; |
| (জ) | চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর); |
| (ঝ) | অধ্যাপক ড. কাজী মো. ফজলুল হক, ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়; |
| (ঞ) | *(i)* অধ্যাপক ড. আঞ্জুমান আরা, পদার্থ বিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা; |
| | *(ii)* ড. সামিয়া তাবাসসুম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ শিল্প গবেষণা পরিষদ, ঢাকা |
| | *(iii)* প্রফেসর ড. এম. আসাদুজ্জামান, প্রেসিডেন্ট এন্ড সিইও, বাংলাদেশ সাইন্স ফাউন্ডেশন, ঢাকা; এবং |
| | **সদস্য-সচিব** |
| (ট) | মহাপরিচালক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার। |

২। "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার আইন, ২০১০" এর ৬ (১) উপধারায় বর্ণিত বিধান অনুসারে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিচালনা বোর্ড পুনর্গঠন করা হলো।

৩। পরিচালনা বোর্ডের সদস্যগণ "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার আইন, ২০১০" এর বিধান অনুসারে প্রয়োজনীয় কার্যাবলি সম্পাদন করবেন।

৪। সদস্যগণ তাঁদের মনোনয়নের তারিখ থেকে ৩ (তিন) বছর মেয়াদের জন্য সদস্য পদে বহাল থাকবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুস সালাম**
সিনিয়র সহকারী সচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**সরকারি কলেজ-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ/০৫ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৩৭.০০.০০০০.০৬৯.০৮.০০১.১৯.২৫**—সরকারি ও বেসরকারি কলেজসমূহের ২০২৫ সালের (১৪৩১-১৪৩২ বঙ্গাব্দ) বাৎসরিক ছুটির তালিকায় মন্ত্রণালয়ের অনুমোদন জ্ঞাপন করা হলো :

| ক্র. | ছুটির উপলক্ষ্য | অনুমোদিত ছুটির তারিখ ও দিন | বঙ্গাব্দের তারিখ | দিন সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১ | *শব-ই-মিরাজ | ২৮ জানুয়ারি, মঙ্গলবার, ২০২৫ | ১৪ মাঘ, ১৪৩১ | ০১ |
| ০২ | শ্রী শ্রী সরস্বতী পূজা | ০৩ ফেব্রুয়ারি, সোমবার, ২০২৫ | ২০ মাঘ, ১৪৩১ | ০১ |
| ০৩ | *মাঘী পূর্ণিমা | ১১ ফেব্রুয়ারি, মঙ্গলবার, ২০২৫ | ২৮ মাঘ, ১৪৩১ | ০১ |
| ০৪ | *শব-ই-বরাত | ১৫ ফেব্রুয়ারি, শনিবার, ২০২৫ | ০২ ফাল্গুন, ১৪৩১ | ০০ |
| ০৫ | শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ২১ ফেব্রুয়ারি, শুক্রবার, ২০২৫ | ০৮ ফাল্গুন, ১৪৩১ | ০০ |
| ০৬ | শ্রী শ্রী শিবরাত্রি ব্রত | ২৬ ফেব্রুয়ারি, বুধবার, ২০২৫ | ১৩ ফাল্গুন, ১৪৩১ | ০১ |
| ০৭ | *পবিত্র রমজান, দোলযাত্রা (১৪ মার্চ), স্বাধীনতা ও জাতীয় দিবস (২৬ মার্চ), জুমাতুল বিদা (২৮ মার্চ), * শব-ই-ক্বদর (২৮ মার্চ), * ঈদ-উল-ফিতর (৩১ মার্চ), ও গ্রীষ্মকালীন অবকাশ। | ০২ মার্চ, রবিবার, ২০২৫ হতে ০৩ এপ্রিল, বৃহস্পতিবার, ২০২৫ পর্যন্ত | ১৭ ফাল্গুন, ১৪৩১ থেকে ২০ চৈত্র, ১৪৩১ পর্যন্ত | ২৫ |
| ০৮ | বৈসাবি ও পার্বত্য চট্টগ্রামের অন্যান্য ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অনুরূপ সামাজিক উৎসব | ১২ এপ্রিল, শনিবার, ২০২৫ | ২৯ চৈত্র, ১৪৩১ | ০০ |
| ০৯ | বাংলা নববর্ষ (১৪ এপ্রিল) | ১৪ এপ্রিল, সোমবার ২০২৫ | ০১ বৈশাখ, ১৪৩২ | ০১ |
| ১০ | পূণ্য শুক্রবার | ১৮ এপ্রিল, শুক্রবার ২০২৫ | ০৫ বৈশাখ, ১৪৩২ | ০০ |
| ১১ | পূণ্য শনিবার | ১৯ এপ্রিল, শনিবার ২০২৫ | ০৬ বৈশাখ, ১৪৩২ | ০০ |
| ১২ | ইস্টার সানডে | ২০ এপ্রিল, রবিবার ২০২৫ | ০৭ বৈশাখ, ১৪৩২ | ০১ |
| ১৩ | মে দিবস | ০১ মে, বৃহস্পতিবার ২০২৫ | ১৮ বৈশাখ, ১৪৩২ | ০১ |
| ১৪ | *বুদ্ধ পূর্ণিমা (বৈশাখী পূর্ণিমা) | ১১ মে, রবিবার, ২০২৫ | ২৮ বৈশাখ, ১৪৩২ | ০১ |
| ১৫ | *পবিত্র ঈদ-উল-আযহা | ০৩ জুন, মঙ্গলবার ২০২৫ থেকে ১২ জুন, বৃহস্পতিবার ২০২৫ পর্যন্ত | ২০ জ্যৈষ্ঠ, ১৪৩২ থেকে ২৯ জ্যৈষ্ঠ, ১৪৩২ পর্যন্ত | ০৮ |
| ১৬ | *পবিত্র আশুরা | ০৬ জুলাই, রবিবার ২০২৫ | ২২ আষাঢ়, ১৪৩২ | ০১ |
| ১৭ | শুভ জন্মাষ্টমী | ১৬ আগস্ট, শনিবার ২০২৫ | ০১ ভাদ্র, ১৪৩২ | ০০ |
| ১৮ | *আখেরি চাহার সোম্বা | ২০ আগস্ট, বুধবার, ২০২৫ | ০৫ ভাদ্র, ১৪৩২ | ০১ |
| ১৯ | *ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) | ০৫ সেপ্টেম্বর, শুক্রবার, ২০২৫ | ২১ ভাদ্র, ১৪৩২ | ০০ |
| ২০ | শ্রী শ্রী দূর্গা পূজা (বিজয়া দশমী ০২ অক্টোবর), *ফাতেহা-ই-ইয়াজদাহম (০৪ অক্টোবর), *প্রবারণা পূর্ণিমা (০৫ অক্টোবর) ও শ্রী শ্রী লক্ষী পূজা (০৬ অক্টোবর) | ২৮ সেপ্টেম্বর, রবিবার ২০২৫ থেকে ০৯ অক্টোবর, বৃহস্পতিবার ২০২৫ পর্যন্ত | ১৩ আশ্বিন, ১৪৩২ থেকে ২৪ আশ্বিন, ১৪৩২ পর্যন্ত | ১০ |
| ২১ | শ্রী শ্রী শ্যামা পূজা | ২০ অক্টোবর, সোমবার, ২০২৫ | ০৪ কার্তিক, ১৪৩২ | ০১ |
| ২২ | শীতকালীন অবকাশ বিজয় দিবস (১৬ ডিসেম্বর) এবং যিশু খ্রিস্টের জন্মদিন (বড় দিন, ২৫ ডিসেম্বর) | ১৪ ডিসেম্বর, রবিবার ২০২৫ থেকে ৩১ ডিসেম্বর, বুধবার, ২০২৫ পর্যন্ত | ২৯ অগ্রহায়ণ, ১৪৩২ থেকে ১৬ পৌষ, ১৪৩২ পর্যন্ত | ১৪ |
| ২৩ | প্রতিষ্ঠান প্রধানের সংরক্ষিত ছুটি | | | ০৩ |
| | | | মোট (সাপ্তাহিক ছুটি ব্যতীত) | ৭১ |

(* চিহ্নিত ছুটির তারিখ চাঁদ দেখার উপর নির্ভরশীল)

বিঃ দ্রঃ সপ্তাহে শুক্রবার ও শনিবার ০২ (দুই) দিন ছুটি থাকবে।

**একাডেমিক কার্যক্রমের সময়সূচি**

| কার্যক্রমের নাম | সময় | ফলাফল প্রকাশ |
|---|---|---|
| একাদশ শ্রেণিতে ভর্তির কার্যক্রম | ১৫ জুন, সোমবার ২০২৫ হতে শুরু | |
| একাদশ শ্রেণির ক্লাশ শুরু | ০১ জুলাই, সোমবার ২০২৫ | |
| একাদশ শ্রেণির বার্ষিক পরীক্ষা (সেশন: ২০২৪-২০২৫) | ২৬ জুন, বৃহস্পতিবার ২০২৫ | ১৬ জুলাই, ২০২৫ |
| দ্বাদশ শ্রেণির নির্বাচনী পরীক্ষা (সেশন: ২০২৩-২০২৪) | ফেব্রুয়ারি, ২০২৫ | মার্চ, ২০২৫ |

১। কোনো সরকারি কর্মকর্তার পরিদর্শন উপলক্ষে প্রতিষ্ঠান ছুটি দেওয়া যাবে না এবং সংবর্ধনা/পরিদর্শক উপলক্ষে শিক্ষার্থীদের ক্লাশ বন্ধ করা যাবে না। সংবর্ধিত/পরিদর্শনকারী ব্যক্তির প্রতি সম্মান প্রদর্শনের জন্য শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না।

২। জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ দিবস যথা: ২১ ফেব্রুয়ারি, ২৬ মার্চ ও ১৬ ডিসেম্বর ক্লাস বন্ধ থাকবে। তবে সংশ্লিষ্ট দিবসের বিষয়ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে দিবসটি উদযাপন করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোসাঃ রোকেয়া পারভীন**
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২১ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ/০৫ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৩০.২২.১৯**—বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম-এর সুপারিশের প্রেক্ষিতে ডবলমুরিং মডেল থানার সাধারণ ডাইরী নম্বর ০৬, তারিখ: ১-১২-২০২৪ অনুযায়ী অভিযুক্তের বিরুদ্ধে দণ্ডবিধি, ১৮৬০ এর ১২৪(ক) ধারামতে মামলা দায়েরের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬(ক) ধারার বিধান মোতাবেক সরকারের পূর্বানুমতি (Consent) প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুল হাই**
সিনিয়র সহকারী সচিব।

---

**পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়**
**পরিকল্পনা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **২৯.০০.০০০০.২২৬.১৪.০৫২.২৪(অংশ-১).১৬১**—কৃষি ও অন্যান্য যন্ত্রপাতি ব্যবহার ও রক্ষণাবেক্ষণ নীতিমালা:

১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন:**

(ক) এই নীতিমালা **‘কৃষি ও অন্যান্য যন্ত্রপাতি ব্যবহার ও রক্ষণাবেক্ষণ নীতিমালা-২০২৪’** নামে অভিহিত হইবে;

(খ) ইহা শুধুমাত্র তিন পার্বত্য জেলার জন্য প্রযোজ্য হইবে।

(গ) ইহা ৩০ ডিসেম্বর ২০২৪ তারিখ হইতে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা:** বিষয় বা প্রসংঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে এই নীতিমালায়—

(ক) ‘জেলা পরিষদ’ বলিতে তিন পার্বত্য জেলা পরিষদকে বুঝাইবে;

(খ) ‘পার্বত্য জেলা’ বলিতে রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান জেলাকে বুঝাইবে;

(গ) ‘বোর্ড’ বলিতে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডকে বুঝাইবে;

(ঘ) ‘যথাযথ কর্তৃপক্ষ’ বলিতে তিন পার্বত্য জেলার বোর্ড, জেলা পরিষদ এবং আঞ্চলিক পরিষদকে বুঝাইবে;

(ঙ) ‘সরকার’ বলিতে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়কে বুঝাইবে।

৩। **আওতাভুক্ত যন্ত্রপাতি:**

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/জেলা পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন এবং বাস্তবায়িতব্য প্রকল্পের/স্কিমের আওতায় ক্রয়কৃত কৃষি উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, প্যাকেজিং সংশ্লিষ্ট সকল যন্তপাতি ইহার অন্তর্ভুক্ত হইবে।

৪। **উপযুক্ত কৃষক/উপকারভোগী:**

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/জেলা পরিষদ কর্তৃক গৃহীত প্রকল্প/কর্মসূচি/স্কীম এর আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত/তালিকাভুক্ত সকল চাষী/ উদ্যোক্তা উপকারভোগী হিসেবে বিবেচিত হইবেন।

৫। **সমিতি ও উপদেষ্টা পরিষদ গঠন:**

(ক) প্রত্যেক নির্দিষ্ট এলাকায় একটি করিয়া সমিতি গঠন করতে হইবে।

(খ) অনুচ্ছেদ ৫ (ক)-তে বর্ণিত সমিতির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য একটি করিয়া কার্যকর কমিটি থাকিবে, যাহার গঠন হইবে নিম্নরূপ:

| | |
|---|---|
| (১) সভাপতি | ০১ জন |
| (২) সাধারণ সম্পাদক | ০১ জন |
| (৩) কোষাধ্যক্ষ | ০১ জন |
| (৪) সাধারণ সদস্য | ০৮ জন |

(গ) অনুচ্ছেদ ৫(খ)-তে বর্ণিত প্রতিটি কমিটির বিপরীতে একটি করিয়া উপদেষ্টা কমিটি থাকিবে যাহার গঠন হইবে নিম্নরূপ:

| | |
|---|---|
| (১) স্থানীয় জনপ্রতিনিধি | ০১ জন |
| (২) উপ-সহকারী কৃষি কর্মকর্তা | ০১ জন |
| (৩) বোর্ড/পরিষদের উপ-সহকারী প্রকৌশলী | ০১ জন |
| (৪) সংশ্লিষ্ট এলাকার কারবারী | ০১ জন |

(ঘ) সাধারণ সদস্যদের ভোটের মাধ্যমে এই কার্যকরী কমিটি গঠিত হইবে; নির্বাচনের বিষয়ে সংশ্লিষ্ট প্রকল্প বাস্তাবায়নকারী সংস্থা প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে।

(ঙ) সমিতি ও উপদেষ্টা পরিষদের মেয়াদ হইবে ০২(দুই) বছর।

(চ) সমিতির সদস্যগণ দুই বারের বেশি দায়িত্ব পালন করিতে পারিবেন না।

(ছ) যন্ত্রপাতি ব্যবহারে আগ্রহী কৃষকগণ সমিতির মাধ্যমে যন্ত্রপাতি ব্যবহারের আবেদন করিতে হইবে।

৬। **সমিতির অনুকূলে যন্ত্রপাতি হস্তান্তর ও মালিকানা:**

(ক) যন্ত্রপাতিসমূহ সমিতির সকল সদস্যের সার্বিক কল্যাণার্থে, ব্যবহারবিধি অনুসরণে সযত্নে ও যথাযথভাবে ব্যবহার এবং এ নীতিমালা আবশ্যিকভাবে প্রতিপালন করা হইবে মর্মে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/সংশ্লিষ্ট জেলা পরিষদের সাথে সমিতির সভাপতির ৩০০(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি সম্পাদন করিতে হইবে।

(খ) সম্পাদিত চুক্তিনামায় বর্ণিত শর্তাবলি সমিতি যথাযথভাবে অনুসরণ করিতে বাধ্য থাকিবেন।

(গ) চুক্তিতে গঠিত কমিটি প্রথম পক্ষ এবং পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/জেলা পরিষদ ২য় পক্ষ হিসেবে চুক্তিপত্রে স্বাক্ষর করিবেন।

(ঘ) চুক্তি সম্পাদনের পর সকল সম্পত্তি (যাবতীয় কৃষি যন্ত্রপাতি) সমিতির অনুকূলে যথা সময়ে হস্তান্তর করিতে হইবে।

(ঙ) সমিতির মাধ্যমে প্রাপ্ত সম্পত্তি যৌথ সম্পত্তি হিসাবে পরিগণিত হইবে।

(চ) সমিতি পরিচালনার দায়িত্বপ্রাপ্ত কার্যকরী কমিটি কিংবা সাধারণ সদস্য উল্লিখিত যন্ত্রপাতি ব্যক্তিগত সম্পদ হিসেবে দাবি করিতে পারিবেন না।

৭। **যন্ত্রপাতি পরিচালনা/ব্যবহার:**

(ক) যন্ত্রপাতিসমূহ সংরক্ষণের উদ্দেশে সেমিপাকা ঘর নির্মাণের জন্য জমির মালিক কর্তৃক জমি ব্যবহারের অনুমতি দেয়া হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদান করিতে হইবে।

(খ) সমিতির সকল সদস্যের, প্রয়োজনীয়তার নিরিখে, সমভাবে ব্যবহারের জন্য সমিতির কার্যকরী কমিটিকে উদ্যোগ গ্রহণ করিতে হইবে।

(গ) তবে, জমির অবস্থা, বিধবা, স্বামী পরিত্যাক্তা মহিলা এবং নিঃসন্তান বৃদ্ধ সদস্যকে যন্ত্রপাতিসমূহ ব্যবহারে অগ্রাধিকার প্রদান করিতে হইবে।

(ঘ) সমিতির কার্যকরী কমিটি প্রাপ্ত যন্ত্রপাতি, সম্পত্তি ব্যবহার ও আয়-ব্যয়ের সাথে সংশ্লিষ্ট সকল রেজিস্টার সংরক্ষণ করিবেন।

**৮। অপারেশনাল ব্যয়, রক্ষণাবেক্ষণ/মেরামত এবং নিরাপত্তা নিশ্চিতকরণ:**

(ক) প্রাপ্ত কৃষি যন্ত্রপাতিসমূহের পরিবহণ ও বিদ্যুৎ/জ্বালানি ব্যয় (প্রযোজ্য ক্ষেত্রে), সার্বিক রক্ষণাবেক্ষণ/সংযোজন/মেরামত ব্যয় এবং নিরাপত্তা সংশ্লিষ্ট ব্যয় সমিতিকেই বহন করিতে হইবে। এক্ষেত্রে, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড হইতে কোনো প্রকার বরাদ্দ প্রদান করা হইবে না।

(খ) অসাবধানতাবশত ব্যবহারের দরুণ কোনো যন্ত্রপাতির ক্ষতিসাধিত হইলে বা চুরি হইলে বা সমিতি ব্যতীত অন্য কাহারও মালিকানায় পাওয়া গেলে কিংবা অব্যবহৃত অবস্থায় থাকিলে বোর্ড/পরিষদ আইনগত পদক্ষেপ গ্রহণ করিবেন।

**৯। সমিতির প্রতিবেদন:**

সমিতির মাধ্যমে প্রাপ্ত কৃষি যন্ত্রপাতি ব্যবহার এবং আয়-ব্যয়ের বিষয়ে ছক মোতাবেক নিয়মিত ত্রৈমাসিক প্রতিবেদন পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/জেলা পরিষদের সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট প্রেরণ করিতে হইবে।

**১০। যন্ত্রপাতি ফেরত প্রদান:**

সমিতির মেয়াদান্তে, সমিতি অকার্যকর কিংবা সদস্যগণের মতামতের ভিত্তিতে সমিতির বিলুপ্তির সিদ্ধান্ত গৃহীত হইলে, সমিতি বিলুপ্তি/কমিটির মেয়াদ সমাপ্তির এক সপ্তাহের মধ্যে উক্ত সমিতির অনুকূলে প্রদানকৃত সকল অস্থাবর সম্পত্তি (যন্ত্রপাতিসমূহ) নতুন কমিটির নিকট হস্তান্তর করিতে হইবে; তবে বিলুপ্তির ক্ষেত্রে, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের/জেলা পরিষদের নিকট যন্ত্রপাতিসমূহ হস্তান্তর করিতে হইবে।

**১১। পরিদর্শন ও মনিটরিং:**

প্রকল্প চলাকালীন সংশ্লিষ্ট এলাকায় দায়িত্বপ্রাপ্ত প্রকল্পের মাঠ সংগঠক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং প্রকল্প শেষে বোর্ডের উপ-সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলীগণ উক্ত সমিতির কার্যক্রম ও বিতরণকৃত যন্ত্রপাতিসমূহ যথাযথভাবে ব্যবহারের বিষয়টি পরিদর্শন ও মনিটরিং করিয়া প্রকল্প চলাকালীন প্রকল্প পরিচালক এবং প্রকল্প শেষে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/জেলা পরিষদের চেয়ারম্যানের নিকট প্রতিবেদন দাখিল করিবেন।

**১২। বিবিধ:**

(ক) আপাতত বলবৎ যাই থাকুক না কেন এই নীতিমালা প্রাধান্য পাইবে।

(খ) সরকার প্রয়োজনবোধে বাস্তব পরিস্থিতিতে কোনো সমস্যার উদ্ভব/সৃষ্টি হইলে বা নীতিমালা পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জনের প্রয়োজনীয়তা থাকিলে তা পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে করা যাইবে।

**এ কে এম শামিমুল হক ছিদ্দিকী**
সচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**

**প্রাণিসম্পদ-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ/০১ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৩৩.০০.০০০০.১১৭.০৪.০০১.২০-০১**—যেহেতু, ডাঃ মোঃ জাহাঙ্গীর আলম ( গ্রেডেশন নম্বর-২০৪৯), উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আটোয়ারী, পঞ্চগড়-এর বিরুদ্ধে অসদাচরণের অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে; এবং

২। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী কর্তৃপক্ষ তাঁকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন মনে করেন;

৩। সেহেতু, উক্ত বিধিমালার বিধি ১২(১) অনুযায়ী ডাঃ মোঃ জাহাঙ্গীর আলম (গ্রেডেশন নম্বর-২০৪৯), উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আটোয়ারী, পঞ্চগড়-কে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ তোফাজ্জেল হোসেন**
সচিব
(রুটিন দায়িত্বে)।

**মৎস্য-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ পৌষ ১৪৩১ /০১ জানুয়ারি ২০২৫

নং **৩৩.০০.০০০০.১২৬.২৭.০১০.২৪-০২**— যেহেতু, জনাব মোঃ জাহিদুল ইসলাম (পরিচিতি নম্বর ০০৭৯১), গবেষণা কর্মকর্তা, (মূল পদ: উপজেলা মৎস্য কর্মকর্তা), মৎস্য অধিদপ্তর, ঢাকা-এর বিরুদ্ধে অসদাচরণের অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে; এবং

২। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী কর্তৃপক্ষ তাঁকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন মনে করেন;

৩। সেহেতু, উক্ত বিধিমালার বিধি ১২(১) অনুযায়ী জনাব মোঃ জাহিদুল ইসলাম ( পরিচিতি নম্বর ০০৭৯১), গবেষণা কর্মকর্তা, (মূল পদ: উপজেলা মৎস্য কর্মকর্তা), মৎস্য অধিদপ্তর, ঢাকা-কে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ তোফাজ্জেল হোসেন**
সচিব
(রুটিন দায়িত্ব)।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ২৫ পৌষ ১৪৩১/০৯ জানুয়ারি ২০২৫

**নং ১০.০০.০০০০.১৩১.১১.০০৭.৯৩(১)-২৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব দেলোয়ার হোসেন, জন্ম তারিখ: ০৪-০১-১৯৯৬ খ্রি., পিতা-সিরাজুল ইসলাম, মাতা-শাহানাজ আক্তার, গ্রাম- কোনাবাড়ী, ওয়ার্ড নং ০৬, ডাকঘর: পেরাব বাজার, উপজেলা-সোনারগাঁও, জেলা-নারায়ণগঞ্জ।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলার সাদিপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাইদুজ্জামান শরীফ**
সিনিয়র সহকারী সচিব।